



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ৫ ফিনিক্স রোড, রমনা, ঢাকা।

মশক নিয়ন্ত্রণে প্রয়োজন
জনগণের অংশগ্রহণ

নিয়মিত প্রতিদিন
জমা পানি ফেলে দিন

ব্যবসা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল
বিজ্ঞাপনফলকে প্রদর্শিত বিজ্ঞাপন ইত্যাদি বাংলায় লিখন সংক্রান্ত

গণবিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সর্বস্বত্রে বাংলা ভাষার প্রচলন নিশ্চিত করার লক্ষ্যে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী উপর্যুক্ত সকল প্রতিষ্ঠানের (দুতাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে বিভিন্ন পণ্যের প্রদর্শিত বিজ্ঞাপন ইত্যাদি বাংলায় লেখা বাধ্যতামূলক।

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন প্রতিষ্ঠানের নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে প্রদর্শিত পণ্যের বিজ্ঞাপন ইত্যাদি ইংরেজি ও অন্যান্য বিদেশি ভাষায় লেখা রয়েছে।

এমতাবস্থায়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার যে সকল প্রতিষ্ঠানের (দুতাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) নামফলক, সাইনবোর্ড, ডিজিটাল বিজ্ঞাপনফলকে বিভিন্ন পণ্যের প্রদর্শিত বিজ্ঞাপন ইত্যাদি বাংলা ভাষায় লিখা হয়নি, সেগুলো অনতিবিলম্বে নিজস্ব ব্যবস্থাপনায় অপসারণ করে ২০ ফেব্রুয়ারি, ২০২৬ এর মধ্যে বাংলায় লিখে প্রতিস্থাপন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/মালিকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিজ আজিলা পরিষ্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি

কর্তৃপক্ষ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন